

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ১৬. হযরত ইউনুস (আলাইহিস সালাম) রচয়িতা/সঙ্গলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## ইউনুস মুক্তি পেলেন

আল্লাহ বলেন.

فَلَوْلاَ أَنَّهُ كَانَ مِنَ الْمُسَبِّحِيْنَ لَلَبِثَ فِيْ بَطْنِهِ إِلَى يَوْمٍ يُبْعَثُوْنَ فَنَبَدْنَاهُ بِالْعَرَاءِ وَهُوَ سَقِيْمٌ وَأَنبَتْنَا عَلَيْهِ شَجَرَةً مِّن يَّقْطِيْن وَأَرْسَلْنَاهُ إِلَى مِئَةِ أَلْفِ أَوْ يَزِيْدُوْنَ فَامَنُوْا فَمَتَّعْنَاهُمْ إِلَى حِيْن - (88 -88 للصافات)

'অতঃপর যদি সে আল্লাহর গুণগানকারীদের অন্তর্ভুক্ত না হ'ত'(ছাফফাত ১৪৩)। 'তাহ'লে সে কিয়ামত দিবস পর্যন্ত মাছের পেটেই থাকত'? (১৪৪)।'অতঃপর আমরা তাকে একটি বিজন প্রান্তরে নিক্ষেপ করলাম, তখন সে রুগ্ন ছিল'(১৪৫)। 'আমরা তার উপরে একটি লতা বিশিষ্ট বৃক্ষ উদগত করলাম'(১৪৬)। 'এবং তাকে লক্ষ বা তদোধিক লোকের দিকে প্রেরণ করলাম'(১৪৭)। 'তারা ঈমান আনল। ফলে আমরা তাদেরকে নির্ধারিত সময় পর্যন্ত জীবন উপভোগ করার সুযোগ দিলাম' (ছাফফাত ৩৭/১৪৩-১৪৮)।

আলোচ্য আয়াতে 'কিয়ামত দিবস পর্যন্ত সে মাছের পেটেই থাকত'-এর অর্থ সে আর জীবিত বেরিয়ে আসতে পারতো না। বরং মাছের পেটেই তার কবর হ'ত এবং সেখান থেকেই কিয়ামতের দিন তার পুনরুখান হ'ত। অন্যত্র আল্লাহ তাঁর শেষনবীকে উদ্দেশ্য করে বলেন,

فَاصْبِرْ لِحُكْمِ رَبِّكَ وَلاَ تَكُنْ كَصَاحِبِ الْحُوْتِ إِذْ نَادَى وَهُوَ مَكْظُوْمٌ لَوْلاَ أَنْ تَدَارَكَهُ نِعْمَةٌ مِّن رَبِّهِ لَنُبِذَ بِالْعَرَاءِ وَهُوَ مَذْمُوْمٌ لَ فَاجْتَبَاهُ رَبُّهُ فَجَعَلَهُ مِنَ الصَّالِحِيْنَ ـ -(٥٠-8٣ القلم)

'তুমি তোমার পালনকর্তার আদেশের অপেক্ষায় ধৈর্য ধারণ কর এবং মাছওয়ালার (ইউনুসের) মত হয়ো না। যখন সে দুঃখাকুল মনে প্রার্থনা করেছিল'। 'যদি তার পালনকর্তার অনুগ্রহ তাকে সামাল না দিত, তাহ'লে সে নিন্দিত অবস্থায় জনশূন্য প্রান্তরে পড়ে থাকত'। 'অতঃপর তার পালনকর্তা তাকে মনোনীত করলেন এবং তাকে সংকর্মশীলদের অন্তর্ভুক্ত করে নিলেন' (কলম ৬৮/৪৮-৫০)।

'যদি আল্লাহর অনুগ্রহ তাকে সামাল না দিত, তাহ'লে সে নিন্দিত অবস্থায় জনশূন্য প্রান্তরে পড়ে থাকত'-এর অর্থ আল্লাহ যদি তাকে তওবা করার তাওফীক না দিতেন এবং তার দো'আ কবুল না করতেন, তাহ'লে তাকে জীবিত অবস্থায় নদী তীরে মাটির উপর ফেলতেন না। যেখানে গাছের পাতা খেয়ে তিনি পুষ্টি ও শক্তি লাভ করেন। বরং তাকে মৃত অবস্থায় নদীর কোন বালুচরে ফেলে রাখা হ'ত, যা তার জন্য লজ্জাদ্ধর হ'ত।

'অতঃপর তার পালনকর্তা তাকে মনোনীত করলেন' অর্থ এটা নয় যে, ইতিপূর্বে আল্লাহ ইউনুসকে মনোনীত করেনিন; বরং এটা হ'ল বর্ণনার আগপিছ মাত্র। কুরআনের বহু স্থানে এরপ রয়েছে। এখানে এর ব্যাখ্যা এই যে, ইউনুস মাছের পেটে গিয়ে ক্ষমা প্রার্থনা করায় আল্লাহ তাকে পুনরায় কাছে টানলেন ও সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত করলেন।



অন্যত্র ইউনুসের ক্রুদ্ধ হয়ে নিজ জনপদ ছেড়ে চলে আসা, মাছের পেটে বন্দী হওয়া এবং ঐ অবস্থায় আল্লাহর নিকটে ক্ষমা প্রার্থনা করা সম্পর্কে আল্লাহ বলেন,

وَذَا النُّوْنِ إِذْ ذَهَبَ مُغَاضِباً فَظَنَّ أَن لَّنْ نَقْدِرَ عَلَيْهِ فَنَادَى فِي الظُّلُمَاتِ أَن لاَّ إِلَهَ إِلاَّ أَنْتَ سُبُحَانَكَ إِنَيْ كُنْتُ مِنَ الْغَمِّ وَكَذَلِكَ نُنْجِي الْمُؤْمِنِيْنَ ـ (الأنبياء ٣٥-٣٥ )- الظَّالِمِيْنَ ـ (الأنبياء ٣٥-٣٥ )-

'এবং মাছওয়ালা (ইউনুস)-এর কথা স্মরণ কর, যখন সে (আল্লাহর অবাধ্যতার কারণে লোকদের উপর) ক্রুদ্ধ হয়ে চলে গিয়েছিল এবং বিশ্বাসী ছিল যে, আমরা তার উপরে কোনরূপ কষ্ট দানের সিদ্ধান্ত নেব না'।[4] 'অতঃপর সে (মাছের পেটে) ঘন অন্ধকারের মধ্যে আহবান করল (হে আল্লাহ!) তুমি ব্যতীত কোন উপাস্য নেই। তুমি পবিত্র। আমি সীমা লংঘনকারীদের অন্তর্ভুক্ত'। 'অতঃপর আমরা তার আহবানে সাড়া দিলাম এবং তাকে দুশ্ভিন্তা হ'তে মুক্ত করলাম। আর এভাবেই আমরা বিশ্বাসীদের মুক্তি দিয়ে থাকি' (আম্বিয়া ২১/৮৭-৮৮)।

ইউনুস (আঃ)-এর উক্ত দো'আ 'দো'আয়ে ইউনুস' নামে পরিচিত। রাসূলুল্লাহ (ছাঃ) বলেন,

دعوةُ ذى النون إذْ دعا رَبَّهُ وهو فى بطن الحوت (لآ إله إلا أنت سُبْحَانَكَ إنى كنتُ من الظالمين) لم يَدْعُ بها رجلٌ مسلمٌ فى شيءٍ إلاَّ اسْتَجَابَ لَهُ، رواه الترمذي\_

'বিপদগ্রস্ত কোন মুসলমান যদি (নেক মকছূদ হাছিলের নিমিত্তে) উক্ত দো'আ পাঠ করে, তবে আল্লাহ তা কবুল করেন'।[5] রাসূলুল্লাহ (ছাঃ) বলেন,

لا تُفَضِّلُوا بين أنبياء الله وما يَنْبَغِيْ لعبدٍ أن يَّقولَ : إنِّي خيرٌ مِّنْ يُونُسَ بْنِ مَتَّى، متفق عليه

'তোমরা আল্লাহর নবীগণের মধ্যে মর্যাদার তারতম্য করো না। আর কোন বান্দার জন্য এটা বলা উচিত নয় যে, আমি ইউনুস বিন মান্তার চাইতে উত্তম'।[6] কুরতুবী এর ব্যাখ্যায় বলেন, আল্লাহর রাসূল (ছাঃ) এটা এজন্য বলেছেন যে, তিনি যেমন (মি'রাজে) সিদরাতুল মুনতাহায় আল্লাহর নিকটবর্তী হয়েছিলেন, নদীর অন্ধকার গর্ভে মাছের পেটের মধ্যে তেমনি আল্লাহ ইউনুস-এর নিকটবর্তী হয়েছিলেন (কুরতুবী, আম্বিয়া ৮৭)। বস্তুতঃ এটা ছিল রাসূলের নিরহংকার স্বভাব ও বিনয়ের বহিঃপ্রকাশ মাত্র।

উপরোক্ত আয়াত সমূহে প্রতীয়মান হয় যে, ইউনুস (আঃ) মাছের পেটে থাকার পরে আল্লাহর হুকুমে নদীতীরে নিক্ষিপ্ত হন। মাছের পেটে থাকার ফলে স্বাভাবিকভাবেই তিনি রুগ্ধ ছিলেন। ঐ অবস্থায় সেখানে উদ্দাত লাউ জাতীয় গাছের পাতা তিনি খেয়েছিলেন, যা পুষ্টিসমৃদ্ধ ছিল। অতঃপর সুস্থ হয়ে তিনি আল্লাহর হুকুমে নিজ কওমের নিকটে চলে যান। যাদের সংখ্যা এক লক্ষ বা তার বেশী ছিল। তারা তাঁর উপরে ঈমান আনলো। ফলে পুনরায় শিরকী কর্মকান্ডে লিপ্ত না হওয়া পর্যন্ত আল্লাহ তাদেরকে অনুগ্রহ করেন এবং দুনিয়া ভোগ করার সুযোগ দেন।

## ফুটনোট

[4]. অধিকাংশ তাফসীর গ্রন্থে এখানে অনুবাদে মারাত্মক ভুল করা হয়েছে। যেমন (১) বঙ্গানুবাদ তাফসীর ইবনু কাছীরে বলা হয়েছে 'তিনি মনে করেছিলেন আমি তার উপর কোন ক্ষমতা রাখি না'। অথচ কোন নবী কখনো আল্লাহ সম্পর্কে এরূপ ধারণা করতে পারেন না। এখানে অনুবাদক 'কুদরত' মাদ্দাহ থেকে শব্দার্থ করেছেন, যেটা এখানে ভুল শুধু নয় বরং অন্যায়। (২) সউদী সরকার প্রকাশিত বঙ্গানুবাদ তাফসীর মা'আরেফুল কুরআনে বলা



হয়েছে, 'তিনি মনে করেছিলেন যে, আমি তাকে ধৃত করতে পারব না' (৩) একই মর্মে অনুবাদ করা হয়েছে সউদী সরকার প্রকাশিত উর্দূ তাফসীরে এবং (৪) আব্দুল্লাহ ইউসুফ আলী অনুদিত ইংরেজী তাফসীরে।

- [5]. তিরমিয়ী হা/৩৭৫২ 'দো'আ সমূহ' অধ্যায়, ৮৫ অনুচ্ছেদ; মিশকাত হা/২২৯২ 'দো'আ সমূহ' অধ্যায় 'আল্লাহর নাম সমূহ' অনুচ্ছেদ-২।
- [6]. মুত্তাফারু আলাইহ, মিশকাত হা/৫৭০৯-১০, কিয়ামতের অবস্থা' অধ্যায়, 'সৃষ্টির সূচনা ও নবীগণের আলোচনা' অনুচ্ছেদ- ৯।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4440

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন